# জন শুনানি ওপরিবেশগত মূল্যায়নের উপলভ্যতার বিজ্ঞপ্তি

**ফেডেরাল হাইওয়ে অ্যাডমিনিস্ট্রেশন**
**ট্রাইবোরো ব্রিজ এবং টানেল কর্তৃপক্ষ**
**New York স্টেট পরিবহন দপ্তর**
**New York সিটি পরিবহন দপ্তর**

## কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্ট টোলিং প্রোগ্রাম (Central Business District Tolling Program)

ট্রাইবোরো ব্রিজ এবং টানেল কর্তৃপক্ষ (মেট্রোপলিটান পরিবহন কর্তৃপক্ষের একটি সহকারী সংস্থা), New York স্টেট পরিবহন দপ্তর, এবং New York সিটি পরিবহন দপ্তর প্রস্তাব দিচ্ছে যে কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্ট (CBD) টোলিং প্রোগ্রাম(Central Business District Tolling Program) (প্রকল্প) ম্যানহাটন CBD-তে এমন উপায়ে ট্রাফিক ঝঞ্ঝাট কমাক যাতে তা থেকে ভবিষ্যতের পরিবহনের উন্নতির জন্য রেভিনিউ আসে, এবং যাতে তা ফেডেরাল হাইওয়ে অ্যাডমিনিস্ট্রেশনের (FHWA) ভ্যালু প্রাইসিং পাইলট প্রোগ্রাম (Value Pricing Pilot Program)-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।

জাতীয় পরিবেশগত নীতি আইন (NEPA) এবং 23 কোড অফ ফেডেরাল রেগুলেশন (CFR)-এর পার্ট 771 দ্বারা প্রয়োগ করা নিয়মের সাথে সামঞ্জস্যতা অনুযায়ী, একটি পরিবেশগত মূল্যায়ন (EA) প্রস্তুত করা হয়েছে যাতে পরিবেশের উপর পড়া সম্ভাব্য প্রভাবের মূল্যায়ন করা যায়, এবং CBD টোলিং প্রোগ্রামের(Central Business District Tolling Program) প্রশমন প্রক্রিয়া FHWA দ্বারা অনুমোদিত হয়েছে জনগণের উপলব্ধতার জন্য।

কোনও প্রকল্পের FHWA অনুমোদন প্রয়োজন হলে, সেটিকে 1966 সালের ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন অ্যাক্টের (এখন 23 U.S.C. §138 এবং 49 U.S.C. §303 দ্বারা কোডিফাই করা) বিভাগ 4(f)-এ প্রদত্ত প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হয় এবং FHWA দ্বারা প্রয়োগকৃত নিয়মকানুন, 23 CFR পার্ট 774 মেনে চলতে হয়। প্রযোজ্য নিয়মকানুনের সাথে সামঞ্জস্যতা রেখে এবং EA-তে নথিভুক্তি অনুসারে, এই প্রকল্পের জন্য FHWA বিভাগ 4(f) অনুযায়ী সেন্ট্রাল পার্ক এবং হাই লাইনের ব্যবহারের একটি *ন্যূনতম* প্রভাবের পন্থা খুঁজে বের করতে উদ্যোগী হয়। সেন্ট্রাল পার্ক ও হাই লাইনের উপর প্রভাবকে *ন্যূনতম* করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য FHWA জনগণকে তাদের মন্তব্য জমা দিতে অনুরোধ করছে।

**পরিবেশগত মূল্যায়নের / জনগণের মন্তব্যের মেয়াদের উপলভ্যতা**

EA এবং CBD টোলিং প্রোগ্রামের(Central Business District Tolling Program) জন্য প্রস্তাবিত বিভাগ 4(f)-এর *ন্যূনতম* প্রভাবের সিদ্ধান্তের ব্যাপারে জনমত নেওয়ার আনুষ্ঠানিক 30-দিনের মেয়াদ শুরু হবে **10 আগস্ট, 2022** থেকে। EA টি হার্ডকপিতে New York, নিউ জার্সি, এবং কানেক্টিকাটের একাধিক লোকেশনে জন পর্যালোচনার জন্য উপলব্ধ হবে, কাউন্টি লাইব্রেরি ও কাউন্টি ক্লার্ক অফিস সমেত। লোকেশনের তালিকার জন্য, বা অনলাইনে নথিটি দেখার জন্য, এখানে ভিজিট করুন mta.info/CBDTP অথবা এই নম্বরে CBDTP টিমের সাথে যোগাযোগ করুন 646-252-7440 অথবা এখানে ইমেল করুন: CBDTP@mtabt.org।

জন শুনানির দরুন বা জনমত গ্রহণের মেয়াদ ও তারিখ অর্থাৎ **9 সেপ্টেম্বর, 2022**-এর মধ্যে গৃহীত এবং/অথবা চিহ্নিত মন্তব্যগুলিকে EA রেকর্ডের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে এবং সেটি FHWA-এর চূড়ান্ত NEPA রায়ে প্রতিফলিত হবে।

**ভার্চুয়াল জন শুনানি**

নিম্নলিখিত তারিখ ও সময়ে ছয়টি (6) জন শুনানির আয়োজন করা হবে যাতে CBD টোলিং প্রোগ্রামের(Central Business District Tolling Program) EA-এর উপর তথ্য প্রদান ও মন্তব্য গ্রহণ করা যায়। যারা কিছু বলতে আগ্রহী তাদের তিন (3) মিনিটের সময় দেওয়া হবে।

| | |
|---|---|
| **তারিখ/সময়:** | বৃহস্পতিবার, 25 আগস্ট, 2022, 5:00 p.m. – 8:00 p.m. |
| **তারিখ/সময়:** | শনিবার, 27 আগস্ট, 2022, 10:00 p.m. – 1:00 p.m. |
| **তারিখ/সময়:** | রবিবার, 28 আগস্ট, 2022, 1:00 p.m. – 4:00 p.m. |
| **তারিখ/সময়:** | সোমবার, 29 আগস্ট, 2022, 1:00 p.m. – 4:00 p.m. |
| **তারিখ/সময়:** | মঙ্গলবার, 30 আগস্ট, 2022, 5:00 p.m. – 8:00 p.m. |
| **তারিখ/সময়:** | বুধবার, 31 আগস্ট, 2022, 10:00 p.m. – 1:00 p.m. |
| **লোকেশন:** | Zoom-এর মাধ্যমে ভার্চুয়াল শুনানি হবে এবং সেটি এখানে লাইভস্ট্রিম করা হবে mta.info/CBDTP। যারা শুনানিতে অংশগ্রহণ করতে চান তারা করতে পারেন: |

**PC/ট্যাবলেট/স্মার্টফোন থেকে:**
জয়েন করার লিঙ্ক:mta.zoom.us/j/82606738045
ওয়েবিনার ID: 826 0673 8045

**ফোনের মাধ্যমে:**
ডায়াল করুন: 1-888-788-0099 (টোল-ফ্রি)
ওয়েবিনার ID: 826 0673 8045, #, #

কেউ যদি শুনানির দরুন কিছু বলতে চান তাহলে তাদের সেই সুযোগ দেওয়া হবে। এটির অনুরোধ করা হচ্ছে, কিন্তু প্রয়োজনীয় নয়, যারা কিছু বলতে চান তারা এখানে আগের দিন 7:00 pm-এর মধ্যে সাইন আপ করুন mta.info/CBDTP বা জন শুনানি হটলাইনে কল করতে পারেন (646) 252-6777 নম্বরে।

**মন্তব্য করার অন্যান্য উপায়**

| | |
|---|---|
| অনলাইন: | mta.info/CBDTP |
| ইমেল: | CBDTP@mtabt.org |
| ডাকযোগ: | CBD Tolling Program, 2 Broadway, 23rd Floor, New York, NY 10004 |
| ফোন: | 646-252-7440 |
| ফ্যাক্স: | 212-504-3148 Attn: CBDTP |

**উপলভ্যতা এবং ভাষা সহায়তা পরিষেবা**

জন শুনানির দরুন, CART ক্যাপশনিং এবং অ্যামেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ পরিষেবা উপলব্ধ করা হবে। জনগণের মধ্যে যারা বধির বা কানে কম শোনেন তারা তাদের পছন্দের রিলে পরিষেবা বা বিনামূল্যে 711-এর রিলে পরিষেবা নিতে পারেন, এবং তারপর একজন এজেন্টের সাথে কথা বলার জন্য জন শুনানির হটলাইনে (646) 252-6777 নম্বরে যুক্ত করতে বলতে পারেন।

জনগণের মধ্যে যারা অন্ধ বা চোখে কম দেখেন তারা পর্যাপ্ত সুবিধা প্রাপ্তির জন্য এখানে একটি অনুরোধ পত্র জমা দিতে পারেন mta.info/CBDTP অথবা (646) 252-6777 নম্বরে জন শুনানির হটলাইনে কথা বলতে পারেন। অনুগ্রহ করে শুনানির নির্ধারিত তারিখে অন্তত পাঁচ দিন আগে অনুরোধ করুন।

জনগণের মধ্যে যারা কম্পিউটার বা ইন্টারনেটের অ্যাক্সেস বহির্ভূত তারা 1-888-788-0099 (টোল ফ্রি) নম্বরে কল করে শুনানি শুনতে পারেন তারপর 826 0673 8045 ওয়েবিনার ID-তে প্রবেশ করতে পারেন, যা একটি পাউন্ড (#) চিহ্নের পরে থাকবে, তারপরে আবার একটি পাউন্ড (#) চিহ্ন থাকবে।

যদি ভাষা সহায়তা পরিষেবা বা অন্য কোনও সুবিধার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে শুনানির নির্ধারিত তারিখের পাঁচ দিন আগে অনুরোধ জমা দিন, নিম্নলিখিত উপায়ের কোনও একটি দ্বারা: অনলাইনে mta.info/CBDTP, বা জন শুনানির হটলাইনে কল করে (646) 252-6777, বা এখানে একটি চিঠি পাঠিয়ে MTA গভর্নমেন্ট অ্যান্ড কমিউনিটি রিলেশনস, Re: MTA CBDTP Public Hearings, 2 Broadway, B20.81, New York, NY 10004. যারা ভাষা সহায়তার জন্য সময়মতো অনুরোধ করবেন, MTA তাদেরকে ইন্টারপ্রিটেশন বা অনুবাদ পরিষেবা প্রদান করবে।

FHWA | NEW YORK STATE Department of Transportation | MTA | NEW YORK CITY DOT